

ইতিহাস বাস্তব।
 ইতিহাস সৃষ্টি করে।
 ইতিহাস সত্য এবং সত্যি।
 ইতিহাস পথের দিকনির্দেশনা রক্ষার স্তম্ভ।
 ইতিহাস গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করে।
 ইতিহাস সভ্যতার মেরুদণ্ড।
 ইতিহাস মানবতার মানদণ্ড।
 ইতিহাস মানুষের ব্যক্তি স্বাধীনতা।
 ইতিহাস মানুষের মসজিদ।
 ইতিহাস মানুষের মন্দির ও বিহার।
 ইতিহাস মানুষের গির্জা।
 ইতিহাস মানুষের উপাসনালয়।
 ইতিহাস মানুষের কল্যাণের।
 ইতিহাস মানুষের সমৃদ্ধির পাথেয়।
 ইতিহাস মানুষের ভালোবাসা।
 ইতিহাস মানুষের মায়া ও মমতার।
 ইতিহাস মানুষের ধর্মীয় গ্রন্থ রক্ষার।
 ইতিহাস বোকা, নির্বোধ মানুষের জয়মঙ্গল।
 ইতিহাস মানুষের মেলবন্ধন।
 ইতিহাস মানুষের বেঁচে থাকার অধিকার।
 ইতিহাস গীতা, বাইবেল, ত্রিপিটক ও কোরান।
 ইতিহাস আল্লাহ, ভগবান, ইশ্বর এবং মানবপুত্র বুদ্ধ।
 ইতিহাস গঙ্গা, সাগর, নদনদী, পাহাড়, পর্বত ও সমতল।
 ইতিহাস জন্ম এবং মরণ।
 ইতিহাস কবিতা, গান, সেতার, একতারার শুঞ্জন।
 ইতিহাস কবি নজরুল, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।
 ইতিহাস মায়ের বুলি - শিল্পী, গায়ক এর কন্ঠ।
 ইতিহাস হাতে হাত রেখে নড়বড়ে সাঁকো পারাপার।
 ইতিহাস হাসি, কান্না, নীরবতা এবং গর্জন।
 ইতিহাস ভাঙ্গা, গড়া, ধ্বংস এবং সৃষ্টির।
 ইতিহাস অন্ধ মানুষের আলোর দিশারী।
 ইতিহাস মানুষের পরিচয়পত্র।
 ইতিহাস শৈশব, কৈশোর, যৌবন, পৌঢ় এবং বার্ধক্য।
 ইতিহাস চিতা, স্মশান এবং কবরস্থান।
 ইতিহাস মানুষের মঙ্গলময় জীবন ও শান্তির উৎস।
 ইতিহাস মানুষের সুখ দুঃখের স্মৃতি।
 ইতিহাস গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

ইতিহাস অমাবস্যা এবং পূর্ণিমার চাঁদের আলো।
 ইতিহাস আসমান জমিন এবং মানুষের আবাসভূমি।
 ইতিহাস মানুষের বিশ্বাস আস্থা ও নির্ভরতার প্রতীক।
 ইতিহাস মানুষের নিরাপত্তা নিশ্চিত করার উপলক্ষ্য।
 ইতিহাস মানুষের মনুষ্যত্ব বিকাশের মাধ্যম।
 ইতিহাস মানুষের গুণ এবং জ্ঞানের বিচারের মানদণ্ড।
 ইতিহাস মানুষের আইনালয়ে মানুষের সুবিচার।
 ইতিহাস মানুষের ক্ষণস্থায়ী জীবনের দিনপঞ্জি।
 ইতিহাস আদি অনন্ত কালের বহমান স্রোতের কন্ঠ।
 ইতিহাস মানুষের কথা বলার অধিকার।
 ইতিহাস জাত ধর্ম বর্ণ বৈষম্যের প্রতিবাদ।
 ইতিহাস অসহায় গৃহহীন মানুষের আগ্রয়।
 ইতিহাস ভোবের আকাশে পাখিদের কলতান।
 ইতিহাস!
 আমার আপনার আমাদের সমাজের মানুষের
 সকলের সুচিন্তা, সম্যক ধারণা, এই
 মানব সভ্যতার ক্রমবিকাশের ভূমিকায় অবতীর্ণ হয়ে "
 অহিংস বাণী "
 চিরন্তনী মানুষের সমৃদ্ধির বৈতরণী
 আবহমান কালের মানববন্ধন পাথেয় হউক।
 " শান্ত হউক অশান্ত মানুষের হৃদয় "
 মানুষের পৃথিবী জুড়ে মুখরিত হউক মানুষের জয়গান।
 আমরা মানুষ শুদ্ধতম চেতনার মানববন্ধনে
 শান্তির আহ্বানে মনুষ্যত্ব রক্ষা করার অঙ্গিকার হউক
 " মানুষের অস্তিত্ব "।
 ইতিহাস জাগ্রত
 ইতিহাস কথা বলে
 ইতিহাস কথা বলার অধিকার নিশ্চিত করার উপলক্ষ্য।

ভাল থাকুন, ভাল রাখুন, সুস্থ থাকুন
 সবাই মোরা মানবতার পক্ষে
 " জগৎ এর সকল প্রাণী সুখী হউক "



সাথে আছি, অভিজিৎ চৌধুরী